# উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, রাজাপুর, ঝালকাঠি'র দাপ্তরিক মাসিক সভার কার্যবিবরণী (সভা নং ০৭)

সভাপতি ঃ ডাঃ দীনেশ চন্দ্র মজুমদার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজাপুর,ঝালকাঠি।

স্থান ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, রাজাপুর,ঝালকাঠি ।

তারিখ ও সময় ঃ ২৮ অক্টোবর/২০২১.,সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ(স্বাক্ষরের ক্রমানুসারে)ঃ রেজিষ্টারে সংরক্ষিত।

সর্বপ্রথম সভাপতি জনাব ডাঃ দীনেশ চন্দ্র মজুমদার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজাপুর,ঝালকাঠি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । অতঃপর তিনি দপ্তরের ভেটেরিনারি সার্জন জনাব ডাঃ মোজাহিদুল কবির কে গত মাসের মাসিক সভার রেজুলেশন পাঠ করে শুনাতে বললে সভায় তিনি বিগত মাসের রেজুলেশন পাঠ করেন এবং কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়করণ করা হয়। তারপর সভাপতি সকলকে আলোচনায় অংশ গ্রহণ এবং সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য আহবান করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তগুলো সর্বসম্মতিক্রমে গৃহীত হয়-

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে শুদ্ধাচার ও এপিএ বাস্তবায়ন কৌশল সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান এবং সঠিকভাবে মেনে চলা প্রসঙ্গে। | প্রশিক্ষণে শুদ্ধাচার,পশুরোগ আইন-২০০৫,তথ্য অধিকার আইন -২০০৯,পশুখাদ্য বিধিমালা -২০১৩,পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন -২০১১ এবং এপিএ-২০২১-২০২২সফল বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং সভায় সে বিষয়গুলো মেনে চলা এবং সে অনুযায়ী কর্মসম্পাদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | দপ্তরের সকল কর্মকর্তা- কর্মচারী | |
| ০২ | অর্পিত দায়িত্ব এর পাশাপাশি বন্টনকৃত অন্যান্য নির্দিষ্ট দায়িত্ব সম্পাদন প্রসঙ্গে | দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে অর্পিত দায়িত্বের পাশাপাশি বিশেষ কার্যক্রম সম্পাদনের জন্য প্রত্যেকের বিপরীতে নির্দিষ্ট দায়িত্ব পাদান করা হয়েছে । সে অনুযায়ী সকল কর্মকর্তা- কর্মচারীদেরকে সুষ্ঠভাবে দায়িত্ব পালন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। কোন দায়িত্ব পালনে কোন কর্মকর্তা/ কর্মচারীর সমস্যা হলে নির্দিষ্ট সময়ের পূর্বে অবশ্যই উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শ গ্রহণ করে কার্যটি সম্পাদন করতে হবে। | দপ্তরের সকল কর্মকর্তা- কর্মচারী | |
| ০৩ | স্টোর রুম পরিষ্কার-পরিচ্ছন্ন করা এবং ঔষধ ও যন্ত্রপাতি সঠিকভাবে সংরক্ষণ করা প্রসঙ্গে | ২০ নভেম্বর /২০২১ তারিখের মধ্যে দপ্তরের স্টোর রুম পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে এবং ঔষধ ও যন্ত্রপাতি সঠিকভাবে সংরক্ষণ তে হবে। | ভেটেরিনারি সার্জন ও অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | |
| ০৪ | নির্ভুল মাসিক প্রতিবেদন প্রস্তুত ও প্রমানক সংরক্ষণ প্রসঙ্গে | নির্ভুল মাসিক প্রতিবেদন তৈরির জন্য অফিস সহকারি কর্তৃক কম্পোজ করার পর সকল বিষয়টি জনাব সৈয়দ মিজানুল ইসলাম,উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) খসড়া প্রতিবেদন ভুল সংশোধনের জন্য যাচাই-বাছাই করবেন এবং ভুল থাকলে তা সংশোধন করে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এর নিকট স্বাক্ষরের একদিন পূর্বে উপস্থাপন করবেন।এ ক্ষেত্রে ভেটেরিনারি সার্জন বিষয়টি দেখভাল করবেন এবং প্রমাণক সংরক্ষণ করবেন। | ডাঃ মোজাহিদুল কবির,ভেটেরিনারি সার্জন; মো ঃ আলমগীর হোসেন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর; সৈয়দ মিজানুল ইসলাম,উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ), | |
| ০৫ | অভিযোগ বাক্স থেকে অভিযোগ পত্র বের করা, সংরক্ষণ ও অভিযোগের সমাধান করা প্রসঙ্গে | দপ্তরে যে অভিযোগ বাক্স আছে তা প্রতি সপ্তাহের বৃহস্পতিবার খোলা এবং অভিযোগ পত্র থাকলে তা সংরক্ষণ করা এবং আমলে নিয়ে অভিযোগ সমাধানের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট উপস্থাপন করা। | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও ড্রেসার। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28/10/2021

(ডাঃ দীনেশ চন্দ্র মজুমদার)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
রাজাপুর,ঝালকাঠি

অবগতি/ সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো
স্মারক নং ৩৩.০১.৪২৮৪.০০০.০০.০০০.২১. ৪২০(১২)

তারিখঃ ২৮/১০/২০২১ খ্রিঃ

০১-১০ । জনাব............................................................ রাজাপুর,ঝালকাঠি ।
১১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঝালকাঠি।
১২। অফিস কপি

Scanned with CamScanner

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, রাজাপুর, ঝালকাঠি এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী (সভা নং ০৪ )

সভাপতি : ডাঃ দীনেশ চন্দ্র মজুমদার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজাপুর,ঝালকাঠি।

স্থান : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, রাজাপুর,ঝালকাঠি ।

তারিখ ও সময় : ২৮ অক্টোবর /২০২১,দুপুর ১২ .০০ ঘটিকা।

-----------------------------

সভায় উপস্থিত সদস্যবৃন্দ(স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ রেজিষ্টারে সংরক্ষিত।

সর্বপ্রথম সভাপতি ডাঃ দীনেশ চন্দ্র মজুমদার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজাপুর,ঝালকাঠি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । সভাপতি কমিটির সদস্য সচিব ও ভেটেরিনারি সার্জন ডাঃ মোজাহিদুল কবিরকে গত সভার রেজুলেশন পাঠ করতে বলেন। সদস্য সচিব গত মাসের রেজুলেশন সভায় পাঠ করে শোনান এবং কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়করণ করা হয় । অতপর সভাপতি বলেন, নৈতিকতার কমিটির আয়োজন, নৈতিকতার কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহনে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন,কর্ম-পরিবেশ উন্নয়ন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পণা ২০২১-২২ ও ত্রৈমাসিক প্রতিবেদন দপ্তরে দাখিলকরণ , স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ ,শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচারসহ নানাবিধ কাজের সমন্বয়ই হচ্ছে নৈতিকতা কমিটির কাজ। তিনি বলেন, আগামী ২য় কোয়ার্টারে কিকি কাজ বাস্তবায়ন করা হবে তার সিদ্ধান্তগ্রহন করতে হবে এবং সে অনুযায়ী কার্য সম্পাদন করতে হবে। তিনি সকলকে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেয়ার আহবান জানান।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তগুলো গৃহীত হয়-

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে শুদ্ধাচার ও এপিএ বাস্তবায়ন কৌশল সম্পর্কিত প্রশিক্ষণ অনুযায়ী কর্মসম্পাদন করার সিদ্ধান্ত সম্পর্কে | প্রশিক্ষণে শুদ্ধাচার,পশুরোগ আইন-২০০৫ ,তথ্য অধিকার আইন -২০০৯,পশুখাদ্য বিধিমালা -২০১৩,পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন -২০১১ এবং এপিএ-২০২১-২০২২সফল বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং সভায় সে অনুযায়ী কর্মসম্পাদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী | |
| ০২ | অংশী জনের সাথে সভার আয়োজন প্রসঙ্গে | ২০ নভেম্বর /২০২১ তারিখের মধ্যে অংশী জনের সাথে প্রাণিসম্পদ বিষয়ক সভা করতে হবে। | উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) গণ আয়োজন করবেন। | |
| ০৩ | স্টোর রুম পরিষ্কার-পরিচ্ছন্ন করা সম্পর্কে | ২০ নভেম্বর /২০২১ তারিখের মধ্যে দপ্তরের স্টোর রুম পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে। | ভেটেরিনারি সার্জন ও কমিটির সদস্য সচিব। | |
| ০৪ | রেজুলেশন ওয়েব পোর্টালে আপলোড করণ প্রসঙ্গে | সভার রেজুলেশন অক্টোবর /২০২১ মাসের মধ্যে ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | ভেটেরিনারি সার্জন ও কমিটির সদস্য সচিব। | |
| ০৫ | | | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28/10/2021

(ডাঃ দীনেশ চন্দ্র মজুমদার)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
রাজাপুর,ঝালকাঠি

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো
স্মারক নং ৩৩.০১.৪২৮৪.০০০.০০.০০০.২১.৪২১ (৭) তারিখঃ ২৮/১০ /২০২১ খ্রিঃ

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঝালকাঠি।
২-৬। জনাব.............................................................. রাজাপুর,ঝালকাঠি ।
০৭ । অফিস কপি।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
রাজাপুর,ঝালকাঠি

Scanned with CamScanner